বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
**ঋণ আদায় বিভাগ।**

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

ফোনঃ-০২-৯৫৬৩১৬৫
Email:
dgmrecovery@krishibank.org.bd

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০১৮-২০১৯/১০৯১ তারিখঃ ১৩-০৫-২০১৯ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ২০-০৬-২০১৯ তারিখ "মধুমেলা অনুষ্ঠান" আয়োজন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

জ্যৈষ্ঠ মাস মধু মাস। বাংলাদেশ কৃষি ব্যাংক আবহমান বাংলার ঐতিহ্য অনুসরণ করে প্রতি বছর এ মাসে **'মধুমেলা অনুষ্ঠান'** আয়োজন করে থাকে। ২০১৮-২০১৯ অর্থ বছরে এ মাস পবিত্র মাহে রমজানের মধ্যে পড়ায় উক্ত মাসকে ইতোমধ্যে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আমানত সংগ্রহ ও ঋণ আদায়ের মাস হিসেবে ঘোষণা করেছেন। এ কারণে এ বছর মধুমেলা উদ্‌যাপনের জন্য পবিত্র মাহে রমজান ও ঈদুল ফিতরের পর আগামী ১৬-০৬-২০১৯ হতে ২০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত সপ্তাহব্যাপী **'মধুমেলা সপ্তাহ'** এবং ২০-০৬-২০১৯ তারিখে সকল শাখায় একযোগে **'মধুমেলা অনুষ্ঠান'** আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। **'মধুমেলা অনুষ্ঠান'** সফলভাবে আয়োজন এবং উক্ত অনুষ্ঠানে স্থানীয় মুখ্য কার্যালয় ও বিভাগসমূহের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা হিসেবে সংশ্লিষ্ট বিভাগ/কার্যালয়ের বার্ষিক লক্ষ্যমাত্রা হতে ০৩-০৬-২০১৯ ইং তারিখ পর্যন্ত অর্জন বাদ দিয়ে লক্ষ্যমাত্রার অবশিষ্ট অংশ **'মধুমেলা সপ্তাহের'** লক্ষ্যমাত্রা হিসেবে বিবেচিত হবে।

০৩। **১৬-০৬-২০১৯ হতে ২০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত 'মধুমেলা সপ্তাহ' এবং ২০-০৬-২০১৯ তারিখে একযোগে সকল শাখায় "মধুমেলা অনুষ্ঠান" আয়োজনের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য মাঠ কার্যালয়সমূহকে পরামর্শ দেয়া হলোঃ-**

**(ক) ঋণ আদায়ঃ ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন এবং বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার লক্ষ্যে ২০-০৬-২০১৯ তারিখের মধ্যে নিম্নবর্ণিত খাতসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জন নিশ্চিত করতে হবেঃ**

(১) শ্রেণীকৃত ঋণ (CL) আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিতকরণ;
(২) শ্রেণীযোগ্য-২ (WCL-2) আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিতকরণ;
(৩) পুনঃতফসিলিকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিতকরণ;
(৪) ৫২-স্থগিত সুদ হিসাব হতে আয় খাতে স্থানান্তর লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে;
(৫) অবলোপনকৃত ঋণ আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিতকরণ;
(৬) 'মধুমেলা সপ্তাহে' ইতোমধ্যে ব্যাংক কর্তৃক ঘোষিত ৫(পাঁচ)টি আকর্ষণীয় ডিপোজিট স্কীম ব্যাপকভাবে খুলতে হবে।

**(খ) "মধুমেলা অনুষ্ঠান" সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহকে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করতে হবেঃ**

১৬-০৬-২০১৯ হতে ২০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত ঋণ আদায়ের সপ্তাহব্যাপী **'মধুমেলা সপ্তাহ'** সফলভাবে আয়োজম কর্মসূচি গ্রহণ এবং **২০-০৬-২০১৯ খ্রিঃ তারিখে একযোগে সকল শাখায় "মধুমেলা অনুষ্ঠান"** সফলভাবে আয়োজনের মাধ্যমে নির্ধারিত ঋণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পাশাপাশি অমানত সংগ্রহ ও ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার জন্য মাঠ কার্যালয়সমূহের করণীয় কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলোঃ

(১) **ঋণগ্রহীতাদের সাথে ব্যক্তিগত যোগাযোগঃ "মধুমেলা অনুষ্ঠান"** সফল করার লক্ষ্যে শ্রেণীকৃত, শ্রেণীযোগ্য ও পুনঃতফসিলিকৃত ঋণ গ্রহীতাদের সাথে ব্যক্তিগত ভাবে সাক্ষাৎ ও মোবাইলের মাধ্যমে যোগাযোগ স্থাপন করে ২০-০৬-২০১৯ খ্রিঃ তারিখে **"মধুমেলা অনুষ্ঠান"** অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য আমন্ত্রণ জানাতে হবে এবং শাখাকে রঙ্গিন পোস্টার/ফুল দিয়ে সাজাতে হবে;

(২) **"মধুমেলা অনুষ্ঠান"** সফল করার লক্ষ্যে জারীযোগ্য সকল শ্রেণীকৃত, শ্রেণীযোগ্য ও পুনঃতফসিলিকৃত ঋণ গ্রহীতাদের নিকট নোটিশ পৌঁছানো অবশ্যই নিশ্চিত করতে হবে;

(৩) স্থানীয়ভাবে ডিস/ক্যাবল অপারেটরদের মাধ্যমে এতদসংক্রান্ত প্রচারনা চালাতে হবে। নির্ধারিত শ্রেণীকৃত ঋণ (CL), নতুন শ্রেণীকৃত ঋণ (NCL) এবং শ্রেণীযোগ্য ঋণ-২(WCL-2) আদায় লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে;

(৪) স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখার আয় বৃদ্ধির লক্ষ্যে অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ হিসাব হতে আয় খাতে স্থানান্তরের নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে;

(৫) মোকদ্দমাসংশ্লিষ্ট খাতকদের সাথে আদালতের বাইরে ব্যক্তিগত নিবিড় যোগাযোগ করে আপোষরফা/সমঝোতার মাধ্যমে উল্লেখযোগ্য সংখ্যক মোকদ্দমা নিস্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৬) শীর্ষ খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে দ্বি-পাক্ষিক সভা আয়োজনের মাধ্যমে তাদের নিকট হতে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধিকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**(গ) ঋণ বিতরণঃ ২০-০৬-২০১৮ তারিখের মধ্যেই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে।**

(১) কৃষির প্রধান খাত (Core Sectors) যথা- শস্য, মৎস্য, প্রাণি সম্পদসহ চলতি মূলধন ঋণ ও অন্যান্য সকল খাতে গুনগত মান সম্পন্ন ঋণ বিতরণ করে মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে;

(২) ৪% সুদে আমদানী বিকল্প শস্য উৎপাদন খাতে পর্যাপ্ত ঋণ বিতরণের ব্যবস্থা করতে হবে;

চলমান পাতা-০২

(৩) বর্গাচাষী ও ভূমিহীন কৃষকদের অনুকূলে দ্রুততা ও স্বচ্ছতার সাথে পর্যাপ্ত ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে;

(৪) এসএমই (SME) খাতে ঋণ বিতরণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৫) নবায়নযোগ্য সকল নগদ/চলতি মূলধন ঋণ হিসাব নবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোন চলতি মূলধন ঋণ যাতে কোনক্রমেই মেয়াদোত্তীর্ণ বা শ্রেণীকৃত পর্যায়ে পর্যবসিত না হয় তা নিশ্চিত করতে হবে।

**(ঘ)** ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমসহ সার্বিক আর্থিক কর্মকান্ডের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখার স্বার্থে লো-কস্ট ডিপোজিট (এসএনডি ও সঞ্চয়ী আমানত) এবং সুদবিহীন চলতি আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপসহ বর্তমান অর্থবছরের বার্ষিক আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করতে হবে।

**(ঙ)** ১৬-০৬-২০১৯ হতে ২০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য মধু মেলায় ঋণ আদায় মহাক্যাম্প ও গ্রাহক সমাবেশে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর সংক্রান্ত তথ্যাদি উক্ত কার্যদিবসে সন্ধ্যা ০৬.০০ ঘটিকার মধ্যে ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(চ) **'মধুমেলা সপ্তাহ'** পালন উপলক্ষ্যে নিম্নোক্ত নমুনা অনুযায়ী সকল শাখায় লাল কাপড়ের উপর সাদা অক্ষরে ৬ ফুট X $2^{1/2}$ ফুট মাপের একটি ব্যানার টানাতে হবে।

| মধুমেলা অনুষ্ঠান/২০১৯ | |
|---|---|
| ব্যাংকের মনোগ্রাম | মধুমেলা পক্ষ<br>১৬ জুন, ২০১৯ হতে ২০ জুন, ২০১৯ খ্রিঃ<br>আয়োজনেঃ বাংলাদেশ কৃষি ব্যাংক<br>......................... শাখা। |

০৪। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীগণ ও প্রমোটারগণ ১৬-০৬-২০১৯ তারিখ হতে ২০-০৬-২০১৯ তারিখ পর্যন্ত আয়োজিতব্য **'মধুমেলা অনুষ্ঠানে'** উপস্থিত থেকে মাঠ কার্যালয়সমূহের এতদ্সংক্রান্ত কার্যক্রম পর্যবেক্ষণ, তদারকি এবং মধুমেলা অনুষ্ঠানকে সর্বাত্মকভাবে সফল করে তুলবেন।

০৫। ব্যাংক ব্যবস্থাপনা আলোচ্য **'মধুমেলা সপ্তাহ'** উদ্‌যাপনের বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করছেন বিধায় বিভাগীয় মহাব্যবস্থাপক এবং মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ স্ব-স্ব বিভাগ ও অঞ্চলাধীন শাখাসমূহের **'মধুমেলা অনুষ্ঠান'** সাফল্যমন্ডিত এবং কার্যকর করার লক্ষ্যে বিভাগীয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় হতে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তাগণকে অঞ্চলাধীন পিছিয়ে পড়া শাখাসমূহে **১৬ জুন, ২০১৯ থেকে ২০ জুন, ২০১৯** সময়কালের জন্য নিয়োজিত করবেন। শাখাসমূহ কর্তৃক আয়োজিতব্য মধুমেলার মূল অনুষ্ঠানসহ ঋণ আদায় মহাক্যাম্প ও গ্রাহক সমাবেশে বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট কার্যালয়সমূহের প্রতিনিধিগণকে উপস্থিত থেকে মধুমেলা অনুষ্ঠান সাফল্যমন্ডিত করার জন্য অনুরোধ করা হলো।

০৬। উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে অবলোপনকৃত ঋণ, ৫২-স্থগিত সুদযুক্ত শ্রেণীকৃত ঋণ (CL), পুনঃতফসিলিকৃত ঋণ, নতুন শ্রেণীকৃত ঋণ (NCL) ও অনাদায়ী শ্রেণীযোগ্য ঋণ-২ (WCL-2) সুদসহ সম্পূর্ণ আদায়ের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে **১৬-০৬-২০১৯ হতে ২০-০৬-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত সপ্তাহব্যাপী 'মধুমেলা সপ্তাহ'** এ বিশেষ ঋণ আদায় কর্মসূচি পালন এবং **২০ জুন, ২০১৯ খ্রিঃ তারিখের "মধুমেলা অনুষ্ঠান"** সফল বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৭। আশা করা যায়, 'শুভ হালখাতা' অনুষ্ঠানের মত ঘোষিত **"মধুমেলা অনুষ্ঠান"**ও আপনারা সর্বাত্মকভাবে সফল করবেন মর্মে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় আশাবাদ ব্যক্ত করেছেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ শহিদুল ইসলাম)
**মহাব্যবস্থাপক**
**ঋণ আদায় মহাবিভাগ (অতিঃ দায়িত্বে)**

**নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০১৮-২০১৯/১০৯১(১২০০)**
**তারিখঃ ১৩-০৫-২০১৯**

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা। উক্ত নির্দেশনামূলক পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রচারের জন্য আইসিটি (সিস্টেমস) বিভাগ, অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৬। কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চল/শাখাসমূহের সার্বিক কার্যক্রম মনিটরিং এর দায়িত্বে নিয়োজিত সকল প্রমোটারবৃন্দ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/মহানথি।

(পরেশ চন্দ্র সরকার)
উপ-মহাব্যবস্থাপক